

# Meetings of Joint Working Group and Project Steering Committee on India-Nepal cross-border railway links held in New Delhi (October 06-07, 2021 )

October 07, 2021

## ভারত-নেপাল আন্ত সীমান্ত রেল যোগাযোগের বিষয়ে যৌথ ওয়ার্কিং গ্রুপ এবং প্রজেক্ট স্টিয়ারিং কমিটির বৈঠকগুলি নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়েছে (অক্টোবর 06-07, 2021)

অক্টোবর 07, 2021

জারি থাকা আন্তসীমান্ত রেল সড়ক যোগাযোগের বাস্তবায়ন এবং রেলওয়ে সেক্টরে সামগ্রিক দ্বিপাক্ষিক সহযোগিতার পর্যালোচনা করার জন্য ভারত এবং নেপাল পঞ্চম যৌথ ওয়ার্কিং গ্রুপ বা জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ(জেডব্লিউজি) এবং সপ্তম প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) বৈঠকগুলি 6-7 অক্টোবর 2021 তারিখে দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। ভারতের তরফ থেকে জেডব্লিউজি-র নেতৃত্ব দিয়েছেন রেলওয়ে মন্ত্রকের এগজিকিউটিভ ডিরেক্টর (ট্রাফিক ট্রান্সপোর্টেশন-ফ্রেট) ডঃ মনোজ সিং, এবং পিএসসি-র নেতৃত্ব দিয়েছেন ডিপিএ-III বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী অনুরাগ ভূষণ। নেপালের তরফে উভয় বৈঠকের জন্য নেতৃত্ব দিয়েছেন ভৌতিক পরিকাঠামো এবং পরিবহন মন্ত্রকের যুগ্ম সচিব মাননীয় কেশব কুমার শর্মা।

2. উভয়পক্ষ জয়নগর-কুর্থা সেকশনে যাত্রীবাহী ট্রেন পরিষেবা শুরু করার জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর(এসওপি) এবং রাঞ্চোল এবং কাঠমান্ডুর মধ্যে প্রস্তাবিত ব্রডগেজ রেললাইনের ফাইনাল লোকেশন সার্ভে(এফএলএস) বা চূড়ান্ত স্থানের সমীক্ষা করার জন্য মেমোরান্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং (মৌ) স্বাক্ষর করেছে। এসওপি, নতুন সেকশনে যাত্রীবাহী ট্রেন চালানোর প্রযুক্তিগত দিকগুলি প্রদান করবে এবং নেপালের সাথে আসন্ন আন্তসীমান্ত রেল যোগাযোগ রেল পরিষেবা দ্রুত শুরু করার পথনির্দেশক নথি হিসেবে কাজ করবে। প্রস্তাবিত রাঞ্চোল-কাঠমান্ডু ব্রডগেজ রেলওয়ে লাইন ভারত এবং নেপালের মধ্যে যোগাযোগকে আরও বৃদ্ধি করবে।

3. ভারত সরকারের অনুদান সহযোগিতায় নির্মিয়মান ভারত এবং নেপালের মধ্যে চালু থাকা জয়নগর-বিজালপুর এবং যোগবানি-বিরাতনগর ব্রডগেজ রেলওয়ে লাইনের কাজ নিয়ে উভয়পক্ষ আলোচনা করেছে। জয়নগর (ভারত) থেকে কুর্থা (নেপাল) পর্যন্ত সম্পূর্ণ হওয়া 34 কিলোমিটার দীর্ঘ রেলওয়ে লাইনে যাত্রীবাহী ট্রেন পরিষেবা চালু করার জন্য প্রযুক্তিগত প্রস্তুতি নিয়েও পর্যালোচনা করা হয়েছে। নেপালের পক্ষ থেকে এও জানানো হয়েছে যে, দ্রুত চালু করার সুবিধার্থে প্রয়োজনীয় নিয়ন্ত্রণ পরিকাঠামোও স্থাপন করা হবে। কুর্থা থেকে বিলাইপুর(17.25 কিমি) সেকশনের রেললাইনের জন্য নেপালের তরফ থেকে আশ্বাস দেওয়া হয়েছে যে, অতিদ্রুত কাজ শেষ করার জন্য

তারা প্রয়োজনীয় সুযোগসুবিধা প্রদান করবে। উভয়পক্ষ, 18.6 কিমি দীর্ঘ যোগাবানি-বিরাতনগর রেল সংযোগ সম্পূর্ণ করার জন্য এবং অতিক্রমিত তা চালু করার জন্য কাজের গতি বাড়াবার ক্ষেত্রে সহমত হয়েছেন।

4. রাঞ্চৌল-কাঠমান্ডু ব্রডগেজ রেলওয়ে সংযোগ এবং রেলওয়ে সংযোগ প্রজেক্ট ফেজ-II -কাজের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়েছে। ক্ষমতা বৃদ্ধি, লজিস্টিক সহযোগিতা এবং নেপালি রেলওয়ের কর্মীদের প্রশিক্ষণ সহ রেলওয়ে সেক্টরে প্রযুক্তিগত সহযোগিতা বৃদ্ধি করার জন্য উভয়পক্ষ সহমত হয়েছে।

নিউ দিল্লি

অক্টোবর07,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.